

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com



স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৩১৭/২(৩৪) তারিখ: ১৯.০৫.২০২১ খ্র.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের মাধ্যমিক পর্যায়ে ৭ম থেকে ১০ম শ্রেণি এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১২শ শ্রেণির উপবৃত্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের মাধ্যমিক পর্যায়ে ৭ম থেকে ১০ম শ্রেণি এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১২শ শ্রেণির ডুপ্লিকেট, বিবাহিত, একাডেমিক স্তর শেষ (৮ম), নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ইত্যাদি কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণের লক্ষ্যে HSP MIS এর অনলাইন সফটওয়্যার লিংকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ১৯/০৫/২০২১ তারিখ থেকে ৩০/০৫/২০২১ তারিখের মধ্যে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় করার জন্য অনুরোধ করা হলো:


২। শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করার নিয়মাবলী:

- মেনুবারে 'উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নির্বাচন' বাটনে ক্লিক করুন।
- 'শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তনে' ক্লিক করুন।
- 'খুঁজুন' বাটনে ক্লিক করুন।
- যে সকল শিক্ষার্থী অযোগ্য তাদের 'সম্পাদন' বাটনে ক্লিক করুন।
- 'শিক্ষার্থীদের বর্তমান স্ট্যাটাসে' গিয়ে অযোগ্য শিক্ষার্থীর তথ্য 'নিষ্ক্রিয়' করতে হবে।
- স্ট্যাটাস পরিবর্তনের কারণ অর্থ্যাৎ ডুপ্লিকেট, বিবাহিত, একাডেমিক স্তর শেষ (৮ম), নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ও অন্যান্য কারণে ঝরে পড়ার কারণ সিলেক্ট করতে হবে।
- পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের কারণ (ডুপ্লিকেট/বিবাহিত/একাডেমিক স্তর শেষ (৮ম)/নিখোঁজ/কর্মসূচির বাহিরে বদলি/মৃত্যু ও অন্যান্য) উল্লেখ করতে হবে।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

২। ভুলক্রমে শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন হলে সক্রিয় করার নিয়মাবলী:

- মেনুবারে 'উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নির্বাচন' বাটনে ক্লিক করুন।
- 'শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তনে' ক্লিক করুন।
- 'শিক্ষার্থীর অবস্থা' বাটনে 'নিষ্ক্রিয়' অপশন নির্বাচন করুন।
- 'খুঁজুন' বাটনে ক্লিক করুন।
- যে সকল শিক্ষার্থী যোগ্য তাদের 'সম্পাদন' বাটনে ক্লিক করুন।
- 'শিক্ষার্থীদের বর্তমান স্ট্যাটাসে' গিয়ে যোগ্য শিক্ষার্থীর তথ্য 'সক্রিয়' করুন।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে এবং অন্য কোন কারণে HSP MIS এ লগইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে hsp.sstipend@gmail.com ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।


(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।